গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২০৫/২০১৮-২০১৯
ঢাকা, মঙ্গলবার ৩০ এপ্রিল ২০১৯, ১৭ বৈশাখ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। কম খরচে হয়রানিমুক্ত চিকিৎসা নিশ্চিত করার আহ্বান রাষ্ট্রপতির
২। জঙ্গিবাদের আলামত পেলেই আইনশৃঙ্খলা বাহিনীকে খবর দিন : সংসদে প্রধানমন্ত্রী
যৌন নিপীড়কদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে প্রয়োজনে কঠোর আইন : সংসদে প্রধানমন্ত্রী
৩। সন্ত্রাসবিরোধী নিরাপত্তা জোরদারের নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী
শ্রীলঙ্কার হতাহতের ঘটনায় মন্ত্রিসভার শোক
৪। পবিত্র রমজান মাসে অফিস সকাল ৯টা থেকে বিকাল সাড়ে ৩টা পর্যন্ত
প্রধানমন্ত্রীর কাছে ওয়ার্ল্ড সামিট অভ্ দি ইনফরমেশন সোসাইটি পুরস্কার তুলে দেন তথ্যপ্রযুক্তিমন্ত্রী
৫। প্রধানমন্ত্রীর সঙ্গে সৌদি রাষ্ট্রদূতের বিদায়ী সাক্ষাৎ
৬। বিএনপি জামায়াতের নির্যাতনের শিকার আনোয়ারা বেগমকে প্রধানমন্ত্রীর ২০ লাখ টাকা অনুদান
৭। দেশের অর্থনৈতিক সূচকসমূহ সন্তোষজনক : সংসদে অর্থমন্ত্রী
৮। সংসদে সমাজ কল্যাণ বিল পাস
৯। জাহাজ ভাড়ায় আড়াই হাজার কোটি টাকা ব্যয় : সংসদে নৌপ্রতিমন্ত্রী
১০। রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক :
রোহিঙ্গা প্রত্যাবাসনে রাশিয়ার সক্রিয় সমর্থন কামনা
১১। এসএমই পণ্য বাজারজাতে স্থায়ী মার্কেট হবে : শিল্পমন্ত্রী
১২। বাংলাদেশে বিদ্যুৎ ও জ্বালানিখাতে বিনিয়োগের প্রচুর সম্ভাবনা রয়েছে :
সৌদি প্রতিনিধিদলকে বিদ্যুৎ প্রতিমন্ত্রী
১৩। সিঙ্গাপুরে চিকিৎসাধীন সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরকে দেখতে গেলেন তথ্যমন্ত্রী
১৪। পর্যটনশিল্পের বিকাশে তরুণ উদ্যোক্তাদের সুযোগ দিতে হবে :
বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী
১৫। আজ বাংলাদেশ-মঙ্গোলিয়া ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় সেমিফাইনাল
১৬। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় দিবস আজ

চলমান পাতা-২

১। **কম খরচে হয়রানিমুক্ত চিকিৎসা নিশ্চিত করার আহ্বান রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ কম খরচে হয়রানিমুক্ত চিকিৎসা নিশ্চিত করতে চিকিৎসক ও সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, অহেতুক পরীক্ষা-নিরীক্ষার নামে হয়রানির শিকার হয়ে রোগীরা যাতে প্রয়োজনীয় সেবা থেকে বঞ্চিত না হয়, সেদিকে সবাইকে খেয়াল রাখতে হবে। গতকাল (২৯ এপ্রিল সোমবার) রাজধানীর একটি হোটেলে বাংলাদেশ কমিউনিটি অফথ্যালমোলজিক্যাল সোসাইটির সপ্তম বার্ষিক সম্মেলনে রাষ্ট্রপতি এসব কথা বলেন। চিকিৎসা পেশাকে অত্যন্ত সম্মানজনক ও গুরুত্বপূর্ণ হিসেবে অভিহিত করে রাষ্ট্রপতি আরো বলেন, আমি আপনাদের কাছে অনুরোধ রাখব রোগীদের প্রতি আরও বেশি আন্তরিক ও সেবায় ব্রতী হোন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

২। **জঙ্গিবাদের আলামত পেলেই আইনশৃঙ্খলা বাহিনীকে খবর দিন : সংসদে প্রধানমন্ত্রী**
**যৌন নিপীড়কদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে প্রয়োজনে কঠোর আইন : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশবাসীর উদ্দেশে বলেছেন, দেশের কোথাও এতটুকু জঙ্গি-সন্ত্রাসবাদের আলামত দেখলে সঙ্গে সঙ্গে আইনশৃঙ্খলা বাহিনীকে খবর দিন, যাতে আমরা পদক্ষেপ নিতে পারি। ঐক্যবদ্ধভাবে জঙ্গি-সন্ত্রাসবাদের বিরুদ্ধে দেশব্যাপী জনমত গড়ে তুলতে হবে। আর যেন কোনো সন্ত্রাস-জঙ্গিবাদ না থাকে, বাংলাদেশকে উন্নত ও শান্তির দেশ হিসেবে গড়ে তুলতে চাই। গতকাল (২৯ এপ্রিল সোমবার) জাতীয় সংসদ অধিবেশনে নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চের মসজিদ, শ্রীলঙ্কার গীর্জা ও হোটেলে সন্ত্রাসী হামলা, ফেনীর সোনাগাজীতে মাদ্রাসা ছাত্রী নুসরাতকে পুড়িয়ে হত্যার ঘটনায় নিন্দা ও ক্ষোভ প্রকাশ এবং এ সকল সন্ত্রাসী যৌন নিপীড়নের ঘটনার বিরুদ্ধে বাংলাদেশসহ বিশ্বের সকল সংসদ, সরকার ও নাগরিকদের প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানিয়ে আনীত সাধারণ প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী আরো বলেন, নুসরাত হত্যাকাণ্ডসহ যৌন নিপীড়নের সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করতে প্রয়োজনে কঠোর আইন প্রণয়ন করা হবে। তাদের যেন সর্বোচ্চ শাস্তি হয় সে ব্যবস্থা আমরা করবো। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২)।

৩। **সন্ত্রাসবিরোধী নিরাপত্তা জোরদারের নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী**
**শ্রীলঙ্কার হতাহতের ঘটনায় মন্ত্রিসভার শোক**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাসবিরোধী নিরাপত্তা জোরদার করতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন। গতকাল (২৯ এপ্রিল সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী এ নির্দেশনা দেন। মন্ত্রিসভায় শ্রীলঙ্কায় সন্ত্রাসী হামলায় পরিপ্রেক্ষিতে দেশের নিরাপত্তা নিয়ে আলোচনা হয় এবং বিদ্যামান কাঠামোর মধ্যেই দেশব্যাপী সন্ত্রাসবিরোধী নিরাপত্তা ও গোয়েন্দা তৎপরতা জোরদারের নির্দেশ দেওয়া হয়।

এছাড়া শ্রীলঙ্কার ভয়াবহ সিরিজ বোমা হামলায় হতাহতের ঘটনায় গতকাল মন্ত্রিসভায় শোকপ্রস্তাব গৃহীত হয়। বোমা হামলায় ২৫৩ জন নিহত ও ৫০০ জন আহত হওয়ায় ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করে শোক প্রস্তাব গ্রহণ করে মন্ত্রিসভা। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), (পৃ.২,ক.৬), **সমকাল** (পৃ.১৫,ক.৪)।

৪। **পবিত্র রমজান মাসে অফিস সকাল ৯টা থেকে বিকাল সাড়ে ৩টা পর্যন্ত**
**প্রধানমন্ত্রীর কাছে ওয়ার্ল্ড সামিট অভ্ দি ইনফরমেশন সোসাইটি পুরস্কার তুলে দেন তথ্যপ্রযুক্তিমন্ত্রী**

পবিত্র রমজান মাসে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সকল প্রতিষ্ঠানে সকাল ৯টা থেকে বিকাল সাড়ে ৩টা পর্যন্ত অফিস সময় নির্ধারণ করা হয়েছে। গতকাল (২৯ এপ্রিল সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনা সভাপতিত্বে তাঁর কার্যালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে পবিত্র রমজানে এ সমসসূচি নির্ধারণ করা হয়। তবে জরুরি বিভাগগুলো তাদের নিজস্ব নিয়মে চলবে। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের এক প্রেস ব্রিফিংয়ে আরো জানানো হয়, ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠান, ডাক, রেলওয়ে, হাসপাতাল ও রাষ্ট্রায়ত্ত শিল্পপ্রতিষ্ঠান, কলকারখানা এবং অন্যান্য জরুরি সেবাদানকারী প্রতিষ্ঠান এ সময়সূচির আওতার বাইরে থাকবে। সুপ্রিম কোর্ট ও এর আওতায়ধীন সব কোর্টের সময়সূচি সুপ্রিম কোর্ট নির্ধারণ করবে।

এছাড়া গতকাল মন্ত্রিসভার শুরুতে গত ৮ থেকে ১২ এপ্রিল সুইজারল্যান্ডের জেনেভায় অনুষ্ঠিত ওয়ার্ল্ড সামিট অভ্ দি ইনফরমেশন সোসাইটি-২০১৯ এ ১৮টি ক্যাটাগরিতে বাংলাদেশ সর্বাধিক ৮টিতে চ্যাম্পিয়ন ও ১টিতে উইনার হয়। এসব পুরস্কার প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তিমন্ত্রী মোস্তফা জব্বার। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **সমকাল** (পৃ.১৫,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**৫। প্রধানমন্ত্রীর সঙ্গে সৌদি রাষ্ট্রদূতের বিদায়ী সাক্ষাৎ**

বাংলাদেশে সৌদি আরবের রাষ্ট্রদূত আবদুল্লাহ বিন এইচ এম আল-মুতাইরি গতকাল (২৯ এপ্রিল সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর জাতীয় সংসদ ভবন কার্যালয়ে বিদায়ী সাক্ষাৎ করেছেন। প্রধানমন্ত্রী রাষ্ট্রদূতের মাধ্যমে সৌদি আরবের বাদশাহ ও খাদেমুল হারমাইন সালমান বিন আবদুল আজিজ আল-সৌদ ও যুবরাজ মোহাম্মদ বিন সালমান বিন আবদুল আজিজ আল সৌদকে তাঁর শুভেচ্ছা জানান। সৌদি রাষ্ট্রদূত বাংলাদেশে দায়িত্ব পালনকালে সহযোগিতার জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **সমকাল** (পৃ.১৫,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

**৬। বিএনপি জামায়াতের নির্যাতনের শিকার আনোয়ারা বেগমকে প্রধানমন্ত্রীর ২০ লাখ টাকা অনুদান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০১-২০০৬ মেয়াদে বিএনপি-জামায়াতের নির্যাতনে ক্ষতিগ্রস্ত কক্সবাজার জেলার চকরিয়া পৌরসভার আনোয়ারা বেগমকে ২০ লাখ টাকা আর্থিক সহায়তা দিয়েছেন। জাতীয় সংসদে তাঁর কার্যালয়ে গতকাল (২৯ এপ্রিল সোমবার) আনোয়ারা বেগমের কাছে একটি চেক হস্তান্তর করেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৪), **অবজারভার** (পৃ.২,ক.৪)।

**৭। দেশের অর্থনৈতিক সূচকসমূহ সন্তোষজনক : সংসদে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, চলতি অর্থবছরের বাজেট বাস্তবায়নে জুলাই-ডিসেম্বর পর্যন্ত দেশের জিডিপি প্রবৃদ্ধি, মূল্যস্ফীতি, আমদানি-রপ্তানি প্রবৃদ্ধিসহ অর্থনৈতিক সূচকসমূহ সন্তোষজনক পর্যায়ে রয়েছে। বাজেট ২০১৮-১৯ জুলাই-ডিসেম্বর পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদনে অর্থমন্ত্রী এসব কথা বলেন। গতকাল (২৯ এপ্রিল সোমবার) একাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনে এ সংক্রন্ত প্রতিবেদন উপস্থাপন করেন তিনি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬)।

**৮। সংসদে সমাজ কল্যাণ বিল পাস**

সমাজের সুবিধাবঞ্চিত ও দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে আর্থিক অনুদান প্রদান এবং সমাজকল্যাণ কাজে নিয়োজিত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ঋণ, অনুদান ও স্বীকৃতি প্রদানের বিধান রেখে 'জাতীয় সমাজকল্যাণ পরিষদ বিল, ২০১৯' পাস করেছে সংসদ। ডেপুটি স্পিকার এ্যাডভোকেট ফজলে রাব্বি মিয়ার সভাপতিত্বে একাদশ সংসদের দ্বিতীয় অধিবেশনে গতকাল (২৯ এপ্রিল সোমবার) বিলটি কণ্ঠভোটে পাস হয়। বিলটি পাসের প্রস্তাব করেন সমাজকল্যাণমন্ত্রী নুরুজ্জামান আহমেদ। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৪,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষপৃ,ক.৪)।

**৯। জাহাজ ভাড়ায় আড়াই হাজার কোটি টাকা ব্যয় : সংসদে নৌপ্রতিমন্ত্রী**

বাংলাদেশকে আমদানি-রফতানি পণ্য পরিবহণে বিদেশী জাহাজের ওপরে নির্ভর করতে হয়। ভাড়া জাহাজের পেছনেই বছরে সরকারের ব্যয় হয় ২ হাজার ৪শ' কোটি টাকা। তাই বাংলাদেশি পতাকাবাহী জাহাজের সংখ্যা বাড়াতে সরকার পদক্ষেপ গ্রহণ করেছে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল (২৯ এপ্রিল সোমবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে এ তথ্য জানান নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩)।

**১০। রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক :**
**রোহিঙ্গা প্রত্যাবাসনে রাশিয়ার সক্রিয় সমর্থন কামনা**

রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের সঙ্গে সংহতি প্রকাশ করে মানবিক সহায়তা প্রদান অব্যাহতের কথা পুনর্ব্যক্ত করেছে রাশিয়া। মস্কো সফররত পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেনের সঙ্গে বৈঠকে গতকাল (২৯ এপ্রিল সোমবার) রাশিয়ান পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ এ অবস্থান ব্যক্ত করেন। ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী বাংলাদেশে অস্থায়ীভাবে আশ্রয় নেয়া ১১ লাখ রোহিঙ্গার অবস্থা ব্রিফ করেন। তিনি মিয়ানমারের বাস্তুচ্যুত নাগরিকদের রাখাইনে নিরাপদ প্রত্যাবাসন প্রক্রিয়া দ্রুত করার বিষয়ে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের প্রভাবশালী ৫ সদস্যের অন্যতম রাশিয়ার সক্রিয় সমর্থন কামনা করেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮)।



**১১। এসএমই পণ্য বাজারজাতে স্থায়ী মার্কেট হবে : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন বলেছেন, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বিপণনের সুবিধার্থে স্থায়ী মার্কেট গড়ে তোলা হবে। এর মাধ্যমে নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে এবং সরকারের নির্বাচনি ইশতেহার অনুযায়ী কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্য অর্জন সম্ভব হবে। এ খাতের জন্য মন্ত্রণালয় প্রয়োজনীয় নীতি সহায়তা প্রদান অব্যাহত রাখবে বলে আশ্বস্ত করার পাশাপাশি এসএমই খাতের আধুনিকায়ন এবং স্বল্প সুদে উদ্যোক্তাদের ঋণ সুবিধা দিতে সরকার ইতোমধ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছে বলে জানান তিনি। গতকাল (২৯ এপ্রিল সোমবার) রাজধানীর ধানমন্ডিতে মাইডাস সেন্টারে এসএমই ফাউন্ডেশন আয়োজিত পঞ্চম ক্রেতা-বিক্রেতা সম্মেলনে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (পৃ.২,ক.৮), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১৩,ক.৪), **অবজারভার** (পৃ.৯,ক.১)।

**১২। বাংলাদেশে বিদ্যুৎ ও জ্বালানিখাতে বিনিয়োগের প্রচুর সম্ভাবনা রয়েছে : সৌদি প্রতিনিধিদলকে বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, বাংলাদেশে সৌদি আরবের বিনিয়োগকে স্বাগত জানানো হবে। তিনি আরো বলেন, বাংলাদেশে বিদ্যুৎ ও জ্বালানিখাতে বিনিয়াগের প্রচুর সম্ভাবনা রয়েছে। বিদ্যমান প্রকল্পসমূহেও সৌদি কোম্পানিগুলো বিনিয়োগ করতে পারে। প্রতিমন্ত্রী কোম্পানিগুলোর পক্ষ থেকে সুনির্দিষ্ট প্রকল্প প্রস্তাব দেওয়ার অনুরোধ করেন। বাংলাদেশের বিদ্যুৎ ও জ্বালানিখাতে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছে সৌদি আরব। গতকাল (২৯ এপ্রিল সোমবার) সচিবালয়ে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপুর সঙ্গে সাক্ষাৎ করে বিদ্যুৎ ও তেল-গ্যাসখাতে দেশটির বড় দুই কোম্পানি ‘আকওয়া পাওয়ার’ এবং ‘সৌদি আরামকো’র ৪ সদস্যের প্রতিনিধিদল এ আগ্রহের কথা জানায়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ, ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.১)।

**১৩। সিঙ্গাপুরে চিকিৎসাধীন সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরকে দেখতে গেলেন তথ্যমন্ত্রী**

সিঙ্গাপুরে চিকিৎসাধীন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের সঙ্গে সাক্ষাৎ করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। গত ২৮ এপ্রিল রোববার সুেতমন্ত্রী ওবায়দুল কাদেরের সাথে সাক্ষাতে তথ্যমন্ত্রী কুশল বিনিময়ের সময় ওবায়দুল কাদেরের দ্রুত ও সম্পূর্ণ সুস্থতা কামনা করেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮)।

**১৪। পর্যটনশিল্পের বিকাশে তরুণ উদ্যোক্তাদের সুযোগ দিতে হবে : বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী**

পর্যটন একটি শ্রমঘন শিল্প হওয়ায় এখানে তরুণদের ক্ষমতাকে কাজে লাগানোর সুযোগ রয়েছে। এখাতে কর্মসৃজনের পাশাপাশি উদ্যোক্তাদের পাশে আমাদের দাঁড়াতে হবে। পর্যটনের বিকাশে প্রতিষ্ঠিত উদ্যোক্তাদের পাশাপাশি তরুণ উদ্যোক্তাদের সুযোগ দিতে হবে এবং উৎসাহিত করতে হবে। গত ২৮ এপ্রিল রোববার বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো মাহবুব আলী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১)।

**১৫। আজ বাংলাদেশ-মঙ্গোলিয়া ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় সেমিফাইনাল**

‘বঙ্গমাতা অনূর্ধ্ব-১৯ নারী আন্তর্জাতিক গোল্ড কাপ’ ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় সেমিফাইনালে আজ (৩০ এপ্রিল মঙ্গলবার) স্বাগতিক বাংলাদেশের মুখোমুখী মঙ্গোলিয়া। বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা ৬টায়। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১৪,ক.১)।

**১৬। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় দিবস আজ**

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) প্রতিষ্ঠাবার্ষিকী ও ২২তম বিশ্ববিদ্যালয় দিবস আজ। প্রতিষ্ঠাবার্ষিকী ও বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।

=৫=

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** পুরান ঢাকার বংশাল তথা নর্থসাউথ রোডের সুরিটোলা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের

সামনে মাসের পর মাস দুর্গন্ধ ছড়াচ্ছে বিশাল এক বর্জ্যের ভাগাড় উল্লেখ করে এতে শিক্ষার্থীদের পাঠদান ব্যাহত হওয়ায় এ ব্যাপারে কঠোর পদক্ষেপ কামনা।

খ. **সংবাদ, যায়যায়দিন, নিউ এজ, ডেইলি সান :** ২০১৮ সালে ২৭১টি শিশু ধর্ষণ, যৌন নির্যাতন, হত্যা ও শারীরিক নির্যাতনের শিকার হয়ে মারা গেছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে শিশু নির্যাতন বন্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান।

গ. **যুগান্তর :** প্রতিবছরের মতো এবারও রমজান মাস ও ঈদকে ঘিরে নোট জাল কারবারিদের তৎপরতা বেড়ে যাওয়ার আশংকা রয়েছে উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ঘ. **যায়যায়দিন :** জনসচেতনতা বাড়ানোর লক্ষ্যে ঢাকা মহানগর পুলিশ জঙ্গিবিরোধী জনসংযোগ কার্যক্রম শুরু করেছে উল্লেখ করে যোকোনোভাবে জঙ্গি নির্মূলের ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইনকিলাব :** নওগাঁর সান্তাহার সীমান্তে এক বাংলাদেশি যুবকের ওপর নির্মম নির্যাতনের খবর প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে সীমান্তে হত্যা ও নির্যাতন বন্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

চ. **ইন্ডিপেনডেন্ট :** জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর তামাক ব্যবহাররোধে সবাইকে সতর্ক ও সচেতন করার আহ্বান।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আমাদের অর্থনীতির প্রতিটি খাতের জন্য মেধাভিত্তিক মানবসম্পদ গড়ে তুলতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'নৈতিক চেতনা জাগ্রত করতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, নারী উন্নয়ন নীতিমালা বাস্তবায়নের জন্য আমাদের অবশ্যই মানবিক মূল্যবোধসম্পন্ন নারী-পুরুষের সমতাভিত্তিক, অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক ও যৌক্তিকতাসম্পন্ন পরিবার, সমাজ ও রাষ্ট্র গড়ে তুলতে হবে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা